




আচ্ছা লিঙ্গের আকার কেমন
হওয়া উচিত? এটা বেশি বড়
না হলে কি সমস্যা?



যৌনাঙ্গের আকার আকৃতি নিয়ে জানতে চাও
মামুর পাঠশালায় যাও



চ্যালেঞ্জার মামু অ্যাপে তোমরা সেলুল্যাল
এন্ড রিপ্ৰোডাক্টিভ হেলথ নিয়ে যে প্রশ্ন
করেছো, সেগুলোর উত্তর নিয়েই চালু
হয়েছে "মামুর পাঠশালা"



কী খবর মামুরা?
তোমাদের অত্যন্ত কৌতূহলের একটি প্রশ্ন
হয় লিঙ্গের আকার বিষয়ে। অনেকেই জানতে
চেয়েছ এর আকার কেমন হওয়া উচিত কিংবা
লিঙ্গ বড় না হওয়া কি কোন সমস্যা কিনা।





প্রথমেই আসি লিঙ্গের আকার
ভিন্ন ভিন্ন কেন হয় এ প্রশঙ্গে।
প্রত্যেকটা মানুষই ভিন্ন।

প্রকৃতি এইভাবে মানুষকে
তৈরি করেছে।

campaign

মামুর পাঠশালা




এই যেমন তুমি আর আমি
দেখতে আলাদা। একেক জনের
লিঙ্গের আকারও একেকরকম হয়।

আচ্ছা মামু, অনেকেরই
লিঙ্গ বাঁকা হয়। এটা কেন হয়?






অনেকের ক্ষেত্রেই লিঙ্গ সামান্য
বামে বা ডানে বেঁকে থাকতে পারে,
বিশেষ করে উত্তেজিত অবস্থায়।





এটা কোন সমস্যা নয়,
এটা যৌনক্রিয়াতেও
কোনরকম সমস্যা সৃষ্টি করে না।



তবে কেউ যদি মনে করে
তার লিঙ্গ অতিরিক্ত বাঁকা।



তবে অবশ্যই
অভিজ্ঞ ও যৌন চিকিৎসকের
পরামর্শ নিতে পারে।



তা না করে যদি মামু বাজারে
রাস্তাঘাটে বিক্রয় করা বাঁকা লিঙ্গ সোজা
করার সস্তা ওষুধ কিংবা মলম কিনে নাও
তাহলে নিশ্চিত প্রতারণিত হবে।

মামু, লিঙ্গের আকার বেশি
বড় বা ছোট হলে বিবাহিত জীবনে
সমস্যা হবে?

মামুর পাঠশালা




তোমার টাকাও নষ্ট হবে এবং
নানারকম যৌন সমস্যাও সৃষ্টি হতে পারে।
এধনের প্রতারণা থেকে সাবধান।

এইবার আসি তোমাদের
অতি কৌতূহলের বিষয়, লিঙ্গ
বড় না হলে কি বিবাহিত জীবন
সুখের হয় না?



প্রথমেই বলি লিঙ্গ বড় নাকি ছোট
এর সাথে বৈবাহিক যৌন জীবনের
সম্ভাব্য কোন সম্পর্ক নেই।



লিঙ্গের গড় আকার উত্তেজিত অবস্থায়
৮.৮ সেমি বা ৩.৫ ইঞ্চি
থেকে
১২.৯ সেমি বা ৫.৫ ইঞ্চি
যৌন জীবনে সম্ভাব্যতার জন্য
এই গড় আকারের লিঙ্গই যথেষ্ট।



অতিরিক্ত বড় আকারের লিঙ্গ
যৌন জীবনে বেশি সম্ভাব্যতা তৈরি করে
এই ধারণাও সম্পূর্ণ ভুল।



অতিরিক্ত বড় আকারের লিঙ্গ
স্ত্রীর সাথে যৌন মিলনের সময়
কষ্টদায়ক হয়ে উঠতে পারে।



তাহলে মামুরা,
আবার মনে করিয়ে দেই।

মামুর পাঠশালা

লিঙ্গের আকার বাড়িয়ে দেয়
এধনের ওষুধ কোনভাবেই কাজে
আসে না।



তবুও কারও যদি এ বিষয়ে
কোন সমস্যা থাকে তবে অবশ্যই
অভিজ্ঞ যৌন চিকিৎসকের পরামর্শ নিবে।



ampaign

আর যে কোন সমস্যায়
চ্যালেঞ্জার মামু তো আছেই।